ক্রিস মরিস চোট পাওয়ায় তাঁর পরিবর্ত খেলোয়াড় হিসাবে ডাকাকে নিল দিল্লি ডেয়ারডেভিলস।

মাঠে - ময়দানে

কাউন্টি নয়, আফগানিস্তান টেস্ট ম্যাচ খেলতে হবে বিরাটকে, নির্দেশ বিসিসিআইয়ের।

শীর্ষস্থান ধরে রাখার লড়াই চেন্নাই সুপার কিংসের জয়ের সরণিতে ফেরার লড়াই মুম্বই ইন্ডিয়ান্সের

পুণে , ২৭ এপ্রিল : বুধবার বেঙ্গালুরুর মাটিতে রয়্যাল চ্যালেঞ্জার্স বেঙ্গালুরুকে হারানোর পর শনিবার ঘরের মাঠে চেন্নাই সুপার কিংসের প্রতিপক্ষ এবারের আইপিএলে লিগ টেবিলে নীচে থাকা দল মুম্বই ইন্ডিয়ান্স। ৬ ম্যাচে ৫টি জয় ও ১টি হারের ফলে ১০ পয়েন্ট সংগ্রহ করে লিগ টেবিলে শীর্ষে রয়েছে সিএসকে। তাই ঘরের মাঠে মুম্বইকে হারিয়ে শীর্ষস্থান ধরে রাখাই লক্ষ্য মহেন্দ্র সিং ধোনির দলের।

টানা দু'বছরের নির্বাসন কাটিয়ে আইপিএলে ফিরেই প্রথম ম্যাচে মুম্বই ইন্ডিয়ান্সের বিরুদ্ধে ডোয়েন ব্র্যাভোর ব্যাটিং ঝড়ের দাপটে হারা ম্যাচ ১উইকেটে জেতে চেন্নাই সুপার কিংস। এবার যে ম্যাচটি তারা হেরেছে তাও মাত্র ৪রানে। ফলে তারা যে খেতাব জয়ের লক্ষ্যেই এগোচ্ছে তা বলা যেতেই পারে। একাদশতম আইপিএলে নিজেদের প্রথম ম্যাচে মুম্বই ইন্ডিয়ান্সের বিরুদ্ধে ডোয়েন ব্র্যাভোর ব্যাটিং ঝড়ের দাপটে হারা ম্যাচ ১উইকেটে জেতে চেন্নাই সুপার কিংস। এবার ঘরের মাঠে চেন্নাইয়ের প্রতিপক্ষ সেই মুম্বই।

গত ম্যাচে আম্বাতি রায়ডু ও মহেন্দ্র সিং ধোনির দাপটে রয়্যাল চ্যালেঞ্জার্স বেঙ্গালুরুর বিরুদ্ধে প্রায় হারা ম্যাচ জিতে নেয় চেন্নাই সুপার কিংস। তাই ঘরের মাঠে মুম্বই ইন্ডিয়ান্সের বিরুদ্ধে চেন্নাই যে ফেভারিট তা আর বলার অপেক্ষা রাখে না। মুম্বইয়ের বিরুদ্ধে জয়ের জন্য চেন্নাই দলের প্রধান ভরসা হতে পারেন আম্বাতি রায়ডু, সুরেশ রায়না, মহেন্দ্র সিং ধোনি, শেন ওয়াটসন, ডোয়েন ব্র্যাভো, দীপক চাহার, শার্দুল ঠাকুর প্রমুখ।

চেন্নাইয়ের জন্য সবথেকে খুশির খবর অধিনায়ক মহেন্দ্র সিং ধোনির দুরন্ত ফর্ম। কারণ ধোনি ফর্মে থাকলে যেকোনো বোলারের বিরুদ্ধে তিনি সফল হন। তাই চেন্নাই সমর্থকদের আশা ঘরের মাঠে মুম্বই ইন্ডিয়ান্সের বিরুদ্ধেও মহেন্দ্র সিং ধোনির ব্যাট জ্বলে উঠবে।

অন্যদিকে তিনবার আইপিএল জয়ী দল মুম্বই ইন্ডিয়ান্স এবারের আইপিএলে পরপর ম্যাচ হারায় তাদের আত্মবিশ্বাস তলানিতে এসে ঠেকেছে।

৬টি ম্যাচের মধ্যে তারা জয় পেয়েছে মাত্র ১টি তে আর হেরেছে ৫টি তে। সবথেকে বড় কথা শেষ ম্যাচে সানরাইজার্স হায়দরাবাদের করা ১১৮ রান তাড়া করতে গিয়ে দলের ব্যাটিং ব্যর্থতায় ৩১ রানে হারতে হয়েছে মুম্বইকে। ফলে যথেষ্ট চাপে রয়েছে রোহিত শর্মার দল। তবে আইপিএলের প্লে অফের লড়াইয়ে টিকে থাকতে হলে চেন্নাই সুপার কিংসের বিরুদ্ধে মুম্বই ইন্ডিয়ান্সের জয় ছাড়া উপায় নেই। কারণ আরও একটা হার মানে মুম্বইয়ের এবারের আইপিএল অভিযান প্রায় শেষ বলা চলে। তাই চেন্নাইকে হারাতে দলের ব্যাটিং, বোলিং ও ফিল্ডিং তিনটি বিভাগকেই ভাল পারফরম্যান্স করতে হবে। এখন দেখার ঘরের মাঠে মুম্বই ইন্ডিয়ান্সকে হারিয়ে চেন্নাই সুপার কিংস শীর্ষস্থান বজায় রাখতে পারে, না কি চেন্নাইকে হারিয়ে প্লে অফের লড়াইতে টিকে থাকতে পারে মুম্বই ইন্ডিয়ান্স।

আর কিছুদিন পরেই শুরু হবে রাশিয়া বিশ্বকাপ। তাই ট্রফির বিশ্বব্যাপী সফর উপলক্ষ্যে ট্রফিটি এসে পৌঁছাল জাপানে। সেই ট্রফি ধরে আছেন জাপানের প্রধানমন্ত্রী শাইনজো আবে।

বিরাট কোহলির কাউন্টি খেলা নিয়ে দ্বন্দ্ব শুরু বোর্ডের অন্দরমহলে



মুম্বই, ২৭ এপ্রিল : বিরাট কোহলির কাউন্টি খেলা নিয়ে বিসিসিআইয়ের অন্দরমহলে বিভাজন ধীরে ধীরে স্পষ্ট হচ্ছে। মূলত কমিটি অফ অ্যাডমিনিস্ট্রেটর্সের প্রধান বিনোদ রাইয়ের সঙ্গে সঙ্গে বোর্ড কর্তাদের মতভেদ দেখা দিচ্ছে কোহলির ইংল্যান্ডে গিয়ে ঘরোয়া ক্রিকেট খেলার প্রসঙ্গে। বোর্ড কর্তারা চাইছেন, কোহলি আফগানিস্তানের বিরুদ্ধে টেস্ট ম্যাচে নেতৃত্ব দিন টিম ইন্ডিয়াকে। বিনোদ রাই আবার ইংল্যান্ড সফরের প্রস্তুতির জন্য বিরাটের কাউন্টি খেলার পক্ষপাতি। টেস্ট স্ট্যাটাস পাওয়ার পর আফগানিস্তানকে এদেশে এসে টেস্টের উদ্বোধনী ম্যাচ খেলার আমন্ত্রণ জানায় ভারত। আগামী ১৪ জুন বেঙ্গালুরুতে খেলা হবে আফগান ক্রিকেটের সেই ঐতিহাসিক ম্যাচটি। রশিদ খানদের বিরুদ্ধে সেই ম্যাচ থেকে নিজেকে দূরে সরিয়ে রাখতে চেয়েছেন বিরাট নিজে। এর পরিবর্তে ইংল্যান্ডে গিয়ে কাউন্টি খেলার অনুমতি চেয়েছেন তিনি। কোহলিকে এনওসি দেওয়া নিয়ে কখনই কোনও পক্ষ দ্বিমত পোষণ করেনি। তবে বিসিসিআই কর্তাদের মতে, বোর্ড যেখানে আফগানদের বিরুদ্ধে পূর্ণ শক্তির দল নামানোর প্রতিশ্রুতি দিয়েছে, তখন দলের এক নম্বর তারকা তথা অধিনায়ক টেস্ট ম্যাচকে এড়িয়ে কাউন্টি ক্রিকেট খেলতে গেলে আন্তর্জাতিক স্তরে একটা ভুল বার্তা পৌঁছবে। কোহলি যদি না খেলেন তাহলে মনে হতে পারে, আফগানদের ছোট দল হিসাবে দেখা হচ্ছে। তাছাড়া ভারতের বিরুদ্ধে যেহেতু আফগানিস্তান তাদের প্রথম টেস্ট খেলবে তাই সেই ম্যাচে কোহলিকে না খেলানো হলে আফগানদের অসম্মান করা হবে। তবে বিসিসিআই কোহলির কাউন্টি খেলা আটকানোর পক্ষপাতী নয়। বরং বোর্ড কর্তারা চাইছেন কাউন্টি খেলতে কোহলি ইংল্যান্ডে গেলেও টেস্ট খেলতে তিনি এক সপ্তাহের জন্য যেন ভারতে ফিরে আসেন। কেউ কেউ আবার এরকমও যুক্তি দিচ্ছেন, বিরাট যদি ইংল্যান্ড সফরের প্রস্তুতিটাকে এতটাই গুরুত্ব দিয়ে থাকেন, তবে আইপিএল না খেলে তিনি কাউন্টি ক্রিকেট খেলতে পারতেন। বোর্ডের তরফে সিওএ' র সঙ্গে এই নিয়ে এখনও পর্যন্ত কোনও আলোচনা হয়নি। কোহলিকে আফগানিস্তানের বিরুদ্ধে টেস্ট খেলার অনুরোধ করারর জন্য বিনোদ রাইকে বলা হলেও তিনি রাজি হবেন না বলেই সূত্র মারফৎ জানা যাচ্ছে। কারণ শুধু কোহলিকেই নয়, সিনিয়র দলের বেশ কয়েকজন তারকাকে আগেভাগে ইংল্যান্ডে পাঠাতে চাইছেন তিনি।

ধোনির প্রশংসায় ভিভিয়ান রিচার্ডস

নয়াদিল্লি, ২৭ এপ্রিল: আইপিএলে বেঙ্গালুরু রয়্যাল চ্যালেঞ্জার্সের বিরুদ্ধে মহেন্দ্র সিং ধোনির ৩৪ বলে ৭০ রানের ম্যাচ জেতানো ইনিংস ক্যারিবিয়ান ব্যাটিং কিংবদন্তি ভিভিয়ান রিচার্ডসেরও সমীহ আদায় করে নিল। ওই ম্যাচে সাতটি ছয় মেরেছেন ধোনি। এরমধ্যে একটি উইনিং স্ট্রোক। বেঙ্গালুরুর ২০৫ রানের লক্ষ্য তাড়া করতে নেমে ধোনির চেন্নাই সুপার কিংস ২ বল বাকি থাকতেই জয় তুলে নেয়। ধোনির এই ইনিংসে মুগ্ধ রিচার্ডস। তিনি লিখেছেন, ধোনি ব্যাট হাতে আবার চেনা ছন্দে ফিরে এসেছে। শেষ ওভার পর্যন্ত তার দল ও সমর্থকদের প্রত্যাশার ভার নিজের কাঁধে রয়েছে। ধোনি ও আম্বাতি রায়ডু রান তাড়ার কাজটা দারুণ বুদ্ধিমত্তার সঙ্গে করেছে। তাদের ব্যাটিং ডোয়েন ব্র্যাভোকেও উদ্দীপ্ত করেছে। রায়ডু আউট হওয়ার পর ব্যাট করতে নেমে সেজন্যই আস্থা ছিল ব্র্যাভোর। চেন্নাইয়ের অধিনায়ক মোহালির মতো ধীর গতিতে শুরু করেনি। প্রথম থেকেই রান তুলতে শুরু করে। এর ইঙ্গিত স্পষ্ট যে, ধোনির ব্যাটিং এখন দর্শনীয়। সম্প্রতি সমালোচনার মুখে পড়তে হয়েছে। কিন্তু তা সত্ত্বেও ব্যাট হাতে এখনও বিপক্ষকে দুরমুশ করার ক্ষমতা রাখে ধোনি। তিনি আরও বলেন, এই লোকটা অন্যান্য সময়ের মতো এক্ষেত্রেও মাথা ঠান্ডা রেখে রুদ্ধশ্বাস ম্যাচে নিজের দলকে জয়ে পৌঁছে দিয়েছে। এর আগে যখন দুটি দল মুখোমুখি হয়েছিল, তখনও একই ভূমিকা নিয়েছিল ধোনি।

রিচার্ডসের কথায়, গত বুধবার বেঙ্গালুরুতে আইপিএলে দুটি অন্যতম সেরা দল মুখোমুখি হয়েছিল। এই লড়াইটা ছিল দেখার মতো। চাপের মুখে মাথা ঠান্ডা রেখে কাজটা করার জন্য চেন্নাইকে কৃতিত্ব দিতেই হয়।

নিতাই মণ্ডল স্মৃতি চ্যালেঞ্জ কাপ

স্টাফ রিপোর্টার: স্বর্গীয় নিতাই মন্ডল স্মৃতি চ্যালেঞ্জ কাপ পরিচালনায় ন-পাড়া দাদাভাই সংঘ। উদ্বোধক ১৭ নং ওয়ার্ডের পুরপিতা অঞ্জন পাল। তিনদিন ব্যাপী এক বিরাট দিবারাত্রি নক-আউট ফুটবল টুর্নামেন্ট, স্বেচ্ছায় রক্তদান শিবির, বিনামূল্যে স্বাস্থ্য শিবির ও ছানি অপরাশেন অনুষ্ঠান আয়োজন করা হয়েছে। শুক্রবার থেকে অনুষ্ঠান শুরু হয়েছে। চলবে ২৯ এপ্রিল পর্যন্ত। অনুষ্ঠানে থাকছে এক বিশেষ আকর্ষণীয় এক বিরাট আতসবাজী প্রদর্শনী। উপস্থিত থাকছেন নিমাই ঘোষ, সঞ্জীব বটব্যাল, গৌর মন্ডল, নিমাই মন্ডল, শুভজিৎ মিত্র, সমীর দাস, জেকন চক্রবর্তী, প্রদীপ সেন, বিধায়ক তাপস রায়।

মাঠের বাইরেও মেসি-রোনাল্ডোর ঠান্ডা লড়াই

স্পেন, ২৭ এপ্রিল: বর্তমানে ফুটবলের দুই সেরা তারকার নাম ক্রিশ্চিয়ানো রোনাল্ডো ও লিওনেল মেসি। গোল করা, এবং ব্যক্তিগত ট্রফি জেতা থেকে শুরু করে আরও অন্যান্য সবকিছুতেই দুজনের মধ্যে 'এক রহস্যময় ঠান্ডা লড়াই' লেগেই থাকে। এবার বাণিজ্যিকভাবে ক্রীড়াসামগ্রী বিক্রিতে ক্রিশ্চিয়ানো রোনাল্ডোর 'সিআরসেভেন' ব্র্যান্ডকে চ্যালেঞ্জ জানাতে নামছেন মেসি। জানা গেছে, মেসি এখন ক্রীড়া পণ্যে নিজের নাম 'ট্রেডমার্ক' হিসাবে ব্যবহার করতে পারবেন। গত ৭ বছর ধরে আইনি লড়াই চলার পর ইউরোপের একটি আদালত মেসির পক্ষে এই রায় দিয়েছে। বার্সেলোনার তারকা মেসি সাত বছর আগে নিজের নামে 'ট্রেডমার্ক' হিসাবে নিবন্ধনের জন্য আদালতে আবেদন করেছিলেন যাতে ক্রীড়া পণ্যে নিজের নাম 'ট্রেডমার্ক' হিসাবে তিনি ব্যবহার করতে পারেন। তবে মেসির এই আবেদনকে চ্যালেঞ্জ জানায় স্প্যানিশ এই সাইক্লিং ব্র্যান্ড। এই ব্র্যান্ডের নাম 'ম্যাসি'। স্প্যানিশ এই ব্র্যান্ডের যুক্তি ছিল, দুটি নাম একইরকম এবং ইংরাজি বানানও খুব কাছাকাছি। সেইজন্য বিশ্বে পণ্যের ক্রেতাদের মধ্যে বিভ্রান্তির সৃষ্টি হতে পারে। তবে সাইক্লিং ব্র্যান্ড 'ম্যাসির' যুক্তি আদালতে টেকেনি। শেষ পর্যন্ত ইউরোপীয় আদালত 'মেসির' পক্ষেই রায় দেয়। ফলে এবার মাঠে নয়, মাঠের বাইরেও মেসি, রোনাল্ডোর ঠান্ডা লড়াই সমানভাবেই অব্যাহত থাকল।

←দিল্লির অধিনায়কত্ব ছাড়ার পর গৌতম গম্ভীরকে ছাড়াই খেলতে নেমেছিল দিল্লি ডেয়ারডেভিলস। টসে জিতে প্রথমে ফিল্ডিং করার সিদ্ধান্ত গ্রহণ করেন কলকাতা নাইট রাইডার্স অধিনায়ক গৌতম গম্ভীর। টসে হেরে প্রথমে ব্যাট করতে নেমে ভালই শুরু করেন কলিন মুনরো ও পৃথ্বী শ। কলিন মুনরো ১৮ বলে ৩৩ রান করে ফিরে গেলেও নিজের প্রথম অর্ধশতরান পূরণ করেন পৃথ্বী শ। এটি তাঁর দ্বিতীয় আইপিএল ম্যাচ। আর প্রথম অর্ধশতরান। কলিন মুনরো আউট করেন কেকেআরের নির্ভরযোগ্য বোলার শিবম মাভি। শেষ পাওয়া খবর পর্যন্ত দিল্লির স্কোর ১ উইকেটে ১৩ ওভারে ১১৮ রান।

গ্রিজম্যানের গোলে রক্ষা পেল দশজনের অ্যাটলেটিকো মাদ্রিদ

লন্ডন, ২৭ এপ্রিল: খেলা শুরুর দশ মিনিটের মধ্যেই রাইটব্যাক সিমে ভ্রাসালজকোর লালকার্ড দেখলে দশজনের দলে পরিণত হয় অ্যাটলেটিকো মাদ্রিদ। উয়েফা ইউরোপা লিগের সেমিফাইনালে আর্সেনালের মাঠ এমিরেটস স্টেডিয়ামে শুরুতেই বিপাকে পড়ে অ্যাটলেটিকো মাদ্রিদ। আর্সেনালের ফরোয়ার্ড অ্যালেক্সান্দ্রে লাকাজের গোলাদিতে ফাউল করে দ্বিতীয় হলুদ কার্ড দেখে মাঠ ছাড়েন ভ্রাসালজকো। ফলে ম্যাচের বাকি সময়টা অ্যাটলেটিকো মাদ্রিদকে ১০ জনকে নিয়ে খেলতে হয়। একজন ফুটবলার কমে যাওয়ায় স্বভাবতই বল দখলসহ আক্রমণাত্মক ফুটবলে পিছিয়ে যান কোচ দিয়েগো সিমিওনে। তবে রক্ষণভাগ সামলে রেখে ১-১ গোলে ড্র নিয়ে খেলা শেষ করে এই স্প্যানিশ দলটি। ৮২ মিনিটে দলকে মূল্যবান অ্যাওয়ে গোল এনে দেন ফরাসি ফরোয়ার্ড আন্তোনিও গ্রিজম্যান। ইউরোপের ক্লাব ফুটবল প্রতিযোগিতায় এমিরেটস স্টেডিয়ামে নিজের শেষ ম্যাচে জয় পাননি আর্সেন ওয়েঙ্গার। চলতি মরসুম শেষে ২২বছরের আর্সেনালের অধ্যায়ের ইতি টানবেন ওয়েঙ্গার। প্রথমার্ধের শেষে ম্যাচের ফলাফল ছিল গোলশূন্য। ৬১ মিনিটে হেড দিয়ে গোল করে গানারদের লিড এনে দেন গ্রিজম্যানেরই স্বদেশী ফুটবলার আলেকজান্দ্রে লাকাজেৎ। এরপর ৮২ মিনিটে গ্রিজম্যানের গোলে ১-১ হওয়ায় প্রথম লেগের ম্যাচ ড্র করে মাঠ ছাড়ে অ্যাটলেটিকো মাদ্রিদ। আগামী শুক্রবার ঘরের মাঠে ফিরতি লেগের ম্যাচে খেলতে নামবে অ্যাটলেটিকো মাদ্রিদ। প্রথম লেগে অ্যাওয়ে ম্যাচে ড্র করায় ফিরতি লেগের ম্যাচে খেলতে নামার আগে কিছুটা হলেও এগিয়ে রইল অ্যাটলেটিকো মাদ্রিদ।

ক্রিস গেইলের প্রশংসা করলেন নেস ওয়াদিয়া

নয়াদিল্লি , ২৭ এপ্রিল: চলতি আইপিএলে বিধ্বংসী মেজাজে দেখা যাচ্ছে ক্যারিবিয়ান তারকা ক্রিস গেইলকে। ২২ গজে ব্যাট হাতে তাণ্ডব চালাচ্ছেন তিনি। অর্থের অভাবে তাকে দলে নিতে গিয়ে সমস্যায় পড়ে গিয়েছিল পাঞ্জাব। শেষ পর্যন্ত কোনও দল না কেনায় তাকে বেস প্রাইসেই পেয়ে যায় পাঞ্জাব। পাঞ্জাবের অন্যতম মালিক নেস ওয়াদিয়া জানিয়েছেন, নিলামের শেষদিকে আমাদের হাতে মাত্র ২.১ কোটি টাকা পড়েছিল। সেই কারণে আমরা প্রথম দু'বার ক্রিসের জন্য ঝাঁপাতে পারিনি। অন্য কোনও দল যদি ক্রিসের জন্য দর হাঁকত, তাহলে আমাদের পক্ষে ওকে দলে নেওয়া সম্ভব হত না। সৌভাগ্যবশত অন্য কোনও দল ওকে নিতে চায়নি। সেই কারণে তৃতীয়বার আমরা ওকে নিতে পারি। ভাগ্যের সহায়তা পাওয়ায় আমরা খুব খুশি। এবারের আইপিএলে নিলামের আগে গতবারের দল থেকে শুধু অক্ষর প্যাটেলকে ধরে রেখেছিল পাঞ্জাব। ফলে নিলামে বাকি ক্রিকেটারদের নিতে হয় প্রীতি-নেসদের। তারা ৬৭.৫ কোটি টাকা খরচ করেন। সবার শেষে গেইলকে দলে নেওয়া হয়। এই তারকা তাঁর দুর্দান্ত পারফরম্যান্স দেখিয়ে বুঝিয়ে দিয়েছেন, তাকে দলে নেওয়ার সিদ্ধান্ত ঠিক। গেইল প্রত্যাশা পূরণ করলেও, অপর এক তারকা যুবরাজ সিংহ একেবারেই ভাল খেলতে পারছেন না। নেস বলেন, যুবি এখন রানের মধ্যে নেই। তবে আশা করি ও আবার ও ভাল পারফরম্যান্স দেখাবে।

প্রকাশক এবং মুদ্রক টি দুর্গা রাও, স্বত্বাধিকারী : আশিষলাহা, ৯৭/২, এম জি রোড, মিডিল পয়েন্ট, পোর্ট ব্লেয়ার-৭৪৪১০১ থেকে প্রকাশিত এবং ইকো প্রিন্টিং প্রেস, ডলিগঞ্জ, পোর্ট ব্লেয়ার-৭৪৪১০৩ থেকে মুদ্রিত, সম্পাদক : আশিষলাহা* (পিআরবি আইন অনুযায়ী প্রকাশিত সমস্ত সংবাদের জন্য দায়বদ্ধ)।
Printed and published by T Durga Rao, owned by Asish Laha and published from 97/2, M. G. Road, Middle Point, Port Blair-744 101 & printed at Echo Printing Press, Dollygunj, Port Blair-744 103. Editor : Asish Laha*(*responsible for selection of news under the PRB Act).